



পশ্চিমবঙ্গ সরকার
সমিষ্টি উন্নয়ন আধিকারিকের করন
হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর

স্মারক সংখ্যা : ১৬১৭

তারিখ : ০৭/০৭/২০১৭

হরিরামপুর ব্লকের অধীন দানগ্রাম আইসি উচ্চ বিদ্যালয়ের ছাত্রী আবাসে স্ব-নির্ভর দল নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিরশী গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সমস্ত রিপোর্টেড বা রিনুয়াল গ্রুপিং পাশ করা স্ব-নির্ভর দলগুলিকে জানানো যাচ্ছে যে, দানগ্রাম আইসি উচ্চ বিদ্যালয়ের সংলগ্ন ছাত্রী আবাসে কর্মী নিয়োগের এজেন্সী হিসেবে স্থানীয় স্ব-নির্ভর দল নির্বাচন করা হবে। অংশগ্রহণে ইচ্ছুক স্ব-নির্ভর দলগুলিকে আগামী ২৪.০৭.২০১৭ তারিখের মধ্যে বেলা ১১টা থেকে ৪টা পর্যন্ত শুধুমাত্র কাজের দিনগুলিতে সমিষ্টি উন্নয়ন আধিকারিকের দপ্তরে আবেদন করতে বলা হচ্ছে। নির্বাচন সংক্রান্ত Screening Committee দলগুলিকে নির্বাচন করে জেলাশাসকের দপ্তরে অনুমোদনের জন্য পাঠাবেন। অনুমোদিত হলে উক্ত দলকে সংশ্লিষ্ট আধিকারিক এজেন্সী হিসেবে ১ বছরের জন্য নিযুক্ত করবেন।

পদগুলি হল

কুক
হেল্পার
সুইপার

যাদের জন্য সংরক্ষিত

শুধুমাত্র মহিলাদের জন্য
শুধুমাত্র মহিলাদের জন্য
শুধুমাত্র মহিলাদের জন্য

যোগ্যতা নির্ণায়ক বিষয়গুলি হল:-

- আবেদনকারী দলকে রিপোর্টেড / রিনুয়াল গ্রুপিং উত্তীর্ণ হতে হবে।
- দলের সামগ্রিক গুণাগুণ, গ্রুপিং ইত্যাদি বিষয়ের ভিত্তিতে ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে।
- সকল স্ব-নির্ভর দলকে একটি স্বঘোষণাপত্র দিতে হবে। স্বঘোষণাপত্রের বয়ান এই নোটিশের সঙ্গে যুক্ত করা হল।

বিঃদ্র:-

- প্রতিটি স্ব-নির্ভর দলকে ১(এক) বছরের চুক্তির ভিত্তিতে নিয়োগ করা হবে। তবে কাজের মন বিবেচনা করে চুক্তি পুনর্নির্ধারণ করা যেতে পারে।
- আবেদনকারী দলগুলিকে আগামী ২৫.০৭.২০১৭ তারিখে বেলা ১১ টায় মহকুমা শাসকের দপ্তরে (বুনিয়াদপুর) হাজির হয়ে ইন্টারভিউ (প্রয়োজনীয় কাগজপত্র সহ) দিতে হবে। দলের তরফে দলনেত্রী সহ মোট দুইজন ইন্টারভিউতে উপস্থিত থাকতে পারবেন।

সমিষ্টি উন্নয়ন আধিকারিক
হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর

স্মারক সংখ্যা : ১৬১৭/১(১৪)

তারিখ : ০৭/০৭/২০১৭

প্রতিলিপি জ্ঞাতার্থে প্রেরিত করা হল :-

- জেলা শাসক, দক্ষিণ দিনাজপুর, বালুরঘাট।
- মহকুমা শাসক, গঙ্গারামপুর, বুনিয়াদপুর।
- জেলা আধিকারিক, সাধারণ ও শিক্ষা, দক্ষিণ দিনাজপুর, বালুরঘাট।
- জেলা বিদ্যালয় পরিদর্শক (উচ্চ), দক্ষিণ দিনাজপুর, বালুরঘাট।
- জেলা তথ্যপ্রযুক্তি আধিকারিক, দক্ষিণ দিনাজপুর, আপনাকে অনুরোধ করা হচ্ছে দক্ষিণ দিনাজপুর জেলা ওয়েবসাইট-এ আপলোড করার জন্য।
- সভাপতি, হরিরামপুর পঞ্চায়তি সমিতি, হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর।
- যুগ্ম সমিষ্টি উন্নয়ন আধিকারিক, হরিরামপুর ব্লক।
- অবর বিদ্যালয় পরিদর্শক, বংশিহরী উত্তর চক্র, হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর।
- সমিতি শিক্ষা আধিকারিক, হরিরামপুর পঞ্চায়েত সমিতি, হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর।
- লেডি গ্রাম সেবিকা, হরিরামপুর ব্লক।
- প্রধান, শিরশী গ্রাম পঞ্চায়েত, হরিরামপুর।
- প্রধান শিক্ষক, দানগ্রাম আইসি উচ্চ বিদ্যালয়, হরিরামপুর।
- সভানেত্রী, মহাসংঘ, হরিরামপুর।
- নোটিশ বোর্ড, হরিরামপুর ব্লক।

সমিষ্টি উন্নয়ন আধিকারিক
হরিরামপুর, দক্ষিণ দিনাজপুর

যে সকল দল সরকারি কাজ বা শিক্ষা প্রতিষ্ঠানে রান্নার কাজের সঙ্গে যুক্ত তাদের স্বঘোষণাপত্রের নমুনা।

আমরা, _____ স্ব-নির্ভর দল এই মর্মে ঘোষণা করছি যে আমরা দলগতভাবে সরকারি কাজ বা শিক্ষা প্রতিষ্ঠানে রান্নার কাজের সঙ্গে যুক্ত। যদি _____ উচ্চ বিদ্যালয়ের ছাত্রী আবাসে কর্মী নিয়োগের এজেন্সী হিসেবে নির্বাচিত এবং নিযুক্ত হই তবে পূর্বের সরকারি কাজ বা শিক্ষা প্রতিষ্ঠানে রান্নার কাজে ইস্তফা দেব।

দলনেত্রীর স্বাক্ষর

যে সকল দল সরকারি কাজ বা শিক্ষা প্রতিষ্ঠানে রান্নার কাজের সঙ্গে যুক্ত নয় তাদের স্বঘোষণাপত্রের নমুনা।

আমরা, _____ স্ব-নির্ভর দল এই মর্মে ঘোষণা করছি যে আমরা দলগতভাবে সরকারি কাজ বা শিক্ষা প্রতিষ্ঠানে রান্নার কাজের সঙ্গে যুক্ত নয়।

দলনেত্রীর স্বাক্ষর